দৈনিক বাংলা

131

তারিখ ২৩/১২/৮১
পৃষ্ঠা

ধর্মঘটের বিরুদ্ধে

# প্রাথমিক শিক্ষক নেতাদের বিবৃতি

(স্টাফ রিপোর্টার)

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির (আমিরী) সভাপতি জনাব শাহজাদা মোহম্মদ নূরুল আলম আমিরী ও মহাসচিব জনাব ফজলুর রহমান এক যুক্ত বিবৃতিতে আজ বুধবার আহূত ধর্মঘট কর্মসূচীর বিরোধিতা করেছেন। বিবৃতিতে তারা বলেন, প্রাথমিক শিক্ষক সমাজের দাবী-দাওয়া পাশ কাটিয়ে দুর্নীতির দায়ে গ্রেফতারকৃত জনাব আবুল কালাম আজাদের মুক্তির দাবীতে তার কিছু সমর্থক বিগত কিছুদিন যাবত ধর্মঘটসহ বিভিন্ন আন্দোলনের কর্মসূচী দিয়ে চলেছে। কিন্তু দেশের শিক্ষক সমাজ তাদের এই হঠকারীমূলক কর্মসূচীতে অংশগ্রহণ করেনি।

শিক্ষক নেতৃদ্বয় বিবৃতিতে আরো বলেন, একটি বিশেষ মহলের ইঙ্গিতে তারা পুনরায় জনাব আজাদের মুক্তির দাবীতে ধর্মঘট ও মহাবিক্ষোভের কর্মসূচী দিয়েছেন। সচেতন শিক্ষক সমাজ এবারও পূর্বের ন্যায় দাবী-দাওয়া বিবর্জিত তাদের এই আন্দোলনের কর্মসূচী প্রত্যাখ্যান করবেন।

ঢাকা পৌর কর্পোরেশন এলাকাধীন প্রাথমিক শিক্ষক সমিতিও এই ধর্মঘটের বিরোধিতা করেছে।

**দাবী মেনে নেয়ার আহ্বান**

এদিকে বিভিন্ন রাজনৈতিক দলের পক্ষ থেকে পৃথক পৃথক বিবৃতিতে ৬ই মার্চের চুক্তি বাস্তবায়নসহ আলাপ-আলোচনার মাধ্যমে প্রাথমিক শিক্ষকদের দাবী-দাওয়া মেনে নেয়ার জন্যে সরকারের প্রতি আহ্বান জানান হয়েছে।

এসব বিবৃতিতে বলা হয়েছে, প্রাথমিক শিক্ষক সমিতির সাথে সম্পাদিত ৬ই মার্চের চুক্তি বাস্তবায়নে সরকার অনমনীয় মনোভাব প্রদর্শন করে পুনরায় শিক্ষকদের আন্দোলনের পথে ঠেলে দিচ্ছে। এর ফলে প্রাথমিক শিক্ষাক্ষেত্রে এর অচলাবস্থার সৃষ্টি হবে।

বিবৃতিদাতাদের মধ্যে রয়েছেন জাসদের মেজর (অবঃ) এম এ জলিল ও জনাব আ স ম আবদুর রব, ন্যাপের অধ্যাপক মোজাফফর আহমদ, বাংলাদেশ ওয়ার্কার্স পার্টির জনাব হায়দার আকবর খান রনো ও জনাব রাশেদ খান মেনন এমপি, ডেমোক্রেটিক লীগের জনাব আশরাফুজ্জামান এবং বিপ্লবী ছাত্র ইউনিয়নের জনাব মিজানুর রহমান মান্নান ও জনাব নজরুল ইসলাম।

**আজ ধর্মঘটের আহ্বান**

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির (আজাদ) সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদের মুক্তি, ৬ই মার্চের চুক্তি বাস্তবায়ন ও বেতন স্কেল পুনর্নির্ধারণের দাবীতে সমিতির ভারপ্রাপ্ত সভাপতি জনাব আলতাফ হোসেন ও সাধারণ সম্পাদক কাজী আ কা ফজলুল হক আজ ২৩শে ডিসেম্বর বুধবার থেকে দেশব্যাপী প্রাথমিক শিক্ষকদের অবিরাম ধর্মঘটের কর্মসূচী ঘোষণা করেছেন। তাদের ঘোষিত কর্মসূচীর মধ্যে রয়েছে: ২৩শে ও ২৪শে ডিসেম্বর ঢাকায় মহাবিক্ষোভ, বায়তুল মোকাররমে সমাবেশ, কেন্দ্রীয় শহীদ মিনারে আমরণ অনশন, ধর্মঘট ও স্বেচ্ছায় কারাবরণ।